

# মৃণালের বাংলা গবেষণা-পদ্ধতি স্টুডিও

বাংলা সাহিত্য, ভাষাবিজ্ঞান ও লোকসংস্কৃতির জন্য

## এক নজরে শুরু

দশটি ধাপে স্টুডিও

**সংস্করণ ১.০**
AANK_A Creative Line-এর পক্ষে প্রস্তুত
পরিকল্পনা ও বিষয়বস্তু: ড. মৃণাল জ্যোতি গোস্বামী

© ২০২৬ মৃণাল জ্যোতি গোস্বামী

# পাঁচ মিনিটে শুরু

১. **খুলুন:** Chrome, Edge বা Safari-তে স্টুডিওর লিংক খুলুন। ফোনে হোম স্ক্রিনে যোগ করে নিলে অ্যাপের মতো থাকে।

২. **ঘুরে দেখুন:** চাবি ছাড়াই নমুনা প্রোজেক্টের প্রতিটি পাতা দেখা যায়। ফল দেখতে বিশ্ববিদ্যালয়ের বিন্যাস ও সূত্রনির্দেশ-রীতি বদলে দেখুন।

৩. **চাবি: চাবি কিনুন**-এ চাপ দিয়ে প্ল্যান বেছে নিন (৩ মাস ₹৯৯, ১ বছর ₹৩৪৯, প্রতিটি অতিরিক্ত ডিভাইস ₹৩৩), UPI-তে টাকা দিয়ে UTR নম্বর লিখুন। যে চাবি পাবেন, তা **প্রোজেক্ট → লাইসেন্স চাবি**-তে পেস্ট করুন।

৪. **প্রোজেক্ট: প্রোজেক্ট → নতুন প্রোজেক্ট**: শিরোনাম, শাখা (বাংলা সাহিত্য, বাংলা ভাষাবিজ্ঞান বা বাংলা লোকসংস্কৃতি) ও কাজের ধরন। **সেটিংস**-এ বিশ্ববিদ্যালয়ের বিন্যাস ও সূত্রনির্দেশ-রীতি বেছে নিন।

৫. **গবেষণা-প্রস্তাব: গবেষণা-প্রস্তাব**-এর এগারোটি ধাপ একে একে পূরণ করুন; প্রস্তাবের নথি Word ফাইল হিসেবে নিন।

৬. **অধ্যায়: অধ্যায় → লেখার পাতা**-য় অধ্যায় তৈরি করুন। সূত্রনির্দেশের জন্য **সূত্রনির্দেশ যোগ করুন**, আগে লেখা Word ফাইলের জন্য **আমদানি**। বাংলা টাইপ করতে **অ/A** বোতাম বা Ctrl M চাপুন এবং ইংরেজি অক্ষরে লিখুন।

৭. **উৎস:** উৎস ও পাঠ-টীকা রাখুন **উৎস ও টীকা**-য়; DOI বা ISBN দিলে তথ্য চলে আসে।

৮. **যাচাই: যাচাই**-এ আগে “অবশ্যই ঠিক করুন” অংশের বিষয়গুলি ঠিক করুন।

৯. **তত্ত্বাবধায়ক: তত্ত্বাবধায়ক → পর্যালোচনার ফাইল সংরক্ষণ করুন**, তারপর ফাইলটি পাঠান; মন্তব্য ফিরে এলে **মন্তব্যের ফাইল খুলুন**।

১০. **জমা দেওয়া: জমা দেওয়া**-য় পুরো কাজের Word ফাইল বা Shodhganga-র জন্য অধ্যায়ভিত্তিক ফাইল নিন।

**সাবধান**

আপনার কাজ এই ডিভাইসেই থাকে। অন্তত সপ্তাহে একবার **প্রোজেক্ট → এই প্রোজেক্টের ব্যাকআপ নিন (.json)** দিয়ে ব্যাকআপ নিয়ে ডিভাইসের বাইরে রাখুন। অন্যরা ব্যবহার করেন এমন কম্পিউটারে প্রোজেক্টে তালা দিন।

| | |
|---|---|
| **Ctrl K** | খোঁজা: অধ্যায়, উৎস, তত্ত্ব, সরঞ্জাম |
| **Ctrl M** | ধ্বনিভিত্তিক টাইপিং: বন্ধ, পরামর্শ বা হুবহু |
| **Alt + T / Alt + P** | প্রতিলিপিতে: সময়-চিহ্ন বসানো / রেকর্ডিং চালানো বা থামানো |

বিস্তারিত নির্দেশ: ব্যবহার-নির্দেশিকা (সংস্করণ ১.০)। যোগাযোগ: mrinal.goswami2026@gmail.com